**অতীব জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.৩৩৭৯ তারিখ: ০২/১১/২০২৩ খ্রি.

**বিষয়: ষষ্ঠ ও সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য 'নৈপুণ্য' অ্যাপ ব্যবহারের গাইডলাইন সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ ও রেজিস্ট্রেশন সংক্রান্ত।**

সূত্র: এনসিটিবি'র স্মারক নং- শিউ/কাউশিই/৬৮/২০০২ ইং(পার্ট-১)/২৫৩৭; তারিখ: ০২ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী ২০২৩ শিক্ষাবর্ষ থেকে ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে চালুকৃত মূল্যায়ন পদ্ধতিতে শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের তথ্য সংরক্ষণ ও স্বয়ংক্রিয়ভাবে রিপোর্ট কার্ড প্রস্তুতের সুবিধার্থে 'এটুআই' এর কারিগরী সহায়তায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক **'নৈপুণ্য'** নামে একটি অ্যাপ উন্নয়ন করা হয়েছে। অ্যাপটি আগামী ০৪ নভেম্বর ২০২৩, সকাল ১০ টা থেকে উন্মুক্ত করা হবে। উক্ত **'নৈপুণ্য'** অ্যাপটির ওয়েব ভার্সন ব্যবহার সংক্রান্ত একটি গাইডলাইন বা নির্দেশনা তৈরি করা হয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানকে আগামী ০৪/১১/২০২৩ থেকে ০৮/১১/২০২৩ তারিখের মধ্যে **'নৈপুণ্য'** অ্যাপে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

এমতাবস্থায়, সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অ্যাপটির ওয়েব ভার্সন ব্যবহার সংক্রান্ত গাইডলাইন বা নির্দেশনা অনুযায়ী আগামী ০৪/১১/২০২৩ থেকে ০৮/১১/২০২৩ তারিখের মধ্যে **'নৈপুণ্য'** অ্যাপে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি: 'নৈপুণ্য'** অ্যাপটির ওয়েব ভার্সন ব্যবহারের গাইডলাইন বা নির্দেশনা (০২ পাতা)।

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
☎ ৪১০৫০১১৮
addshesecondary2@gmail.com

**বিতরণ:**

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল)
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৬। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্ন:/অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৭। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৮। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
০৯। জেলা প্রশাসক, সকল
১০। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
বগুড়া সদর,বগুড়া।
e-mail : useobogsadar2014@gmail.com

স্মারক নং- ৩৭.০২.১০২০.০০০.১৮.০০০.২০২৩- ৪৯০(৮০)

তারিখ ঃ ০৫/১১/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার-------------------------------------------------------বগুড়া সদর, বগুড়া।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীতভাবে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।

০৫.১১.২০২৩

(মোঃ গোলাম মাহবুব মোরশেদ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
বগুড়া সদর, বগুড়া।
ফোন নং ০২৫৮৯৯০৪৪৬৮

অনুলিপি সদয় অবগতির জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। উপ-পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,রাজশাহী অঞ্চল,রাজশাহী।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া।
৪। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
পাঠ্যপুস্তক ভবন
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

# 'নৈপুণ্য' ওয়েব ভার্সন ব্যবহার সংক্রান্ত গাইডলাইন

## প্রতিষ্ঠান প্রধানের জন্য করণীয়

### ইআইআইএন (EIIN)ধারী স্কুলের লগইন প্রক্রিয়া

- তথ্য-প্রযুক্তিভিত্তিক মূল্যায়ন বিষয়ক অ্যাপ **'নৈপুণ্য'** ব্যবহার করতে হলে ইন্টারনেট ব্রাউজারে গিয়ে master.noipunno.gov.bd ব্রাউজ করুন।
- প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরে প্রাপ্ত **'ইউজার আইডি'** ও **'পিন'** ব্যবহার করে প্রথমে **'লগইন'** করুন।
- প্রথমবার **'লগইন'** করার সময় পূর্বের **'পিন'** নম্বরটি পরিবর্তন করে আপনার পছন্দের **'পিন'** নম্বর সেট করে নিন।

### ইআইআইএন (EIIN)বিহীন স্কুলের লগইন প্রক্রিয়া

- তথ্য-প্রযুক্তিভিত্তিক মূল্যায়ন বিষয়ক অ্যাপ **'নৈপুণ্য'** ব্যবহার করতে হলে ইন্টারনেট ব্রাউজারে গিয়ে master.noipunno.gov.bd ব্রাউজ করুন।
- যে সকল প্রতিষ্ঠানের ইআইআইএন নম্বর নেই, সেসব প্রতিষ্ঠানের ক্ষেত্রে **'লগইন'** পেজের **'রেজিস্ট্রেশন'** অপশন ক্লিক করুন। ক্লিকের পর **'রেজিস্ট্রেশন'** ফর্মটি দেখতে পাবেন। যথাযথ তথ্য দিয়ে **'রেজিস্ট্রেশন'** ফর্মটি সাবমিট করলে তা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ইমেইলে পৌঁছে যাবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস তখন আবেদনটি অনুমোদন করবেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের অনুমোদনের পর প্রতিষ্ঠান প্রধানের মোবাইলে একটি সিস্টেম জেনারেটেড নাম্বার **(SGN*****)**, একটি **'ইউজার আইডি'** ও **'পিন'** নম্বর যাবে। প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরে প্রাপ্ত সিস্টেম জেনারেটেড নাম্বার **(SGN*****)**, **'ইউজার আইডি'** ও **'পিন'** ব্যবহার করে প্রথমে লগইন করুন।
- প্রথমবার **'লগইন'** করার সময় পূর্বের **'পিন'** নম্বরটি পরিবর্তন করে আপনার পছন্দের **'পিন'** নম্বর সেট করে নিন।

**(বিশেষ দ্রষ্টব্য: 'লগইন' করতে কোনো সমস্যা হলে '09638600700' হেল্পলাইনে ফোন করুন।)**

## লগইন পরবর্তী করণীয়

**'লগইন'** শেষে **'হোম পেজে'** আপনি বিদ্যালয়সংশ্লিষ্ট সাত(৭)টি ব্যবস্থাপনা দেখতে পাবেন। উক্ত ব্যবস্থাপনাগুলো **'ব্যবস্থাপনা'** ট্যাবের ড্রপ-ডাউনেও দেখতে পাবেন। এই ব্যবস্থাপনাগুলো প্রতিষ্ঠান প্রধানের আইডি থেকে সম্পন্ন করতে হবে।

- **ব্রাঞ্চ ব্যবস্থাপনা:** অপশনে ক্লিক করে প্রতিষ্ঠানের **'ব্রাঞ্চ'** সংশ্লিষ্ট তথ্য যুক্ত করুন এবং ব্রাঞ্চ প্রধানের নাম নির্বাচন করে ব্রাঞ্চ তৈরি করুন।
- **শিফট ব্যবস্থাপনা:** মেনু থেকে **'শিফট ব্যবস্থাপনা'** অপশনে ক্লিক করুন। **'শিফট ব্যবস্থাপনা'** অংশে প্রতিষ্ঠানের শিফট সংক্রান্ত তথ্য দিন, সময় নির্ধারণ করুন এবং ব্রাঞ্চ নির্বাচন করুন।
- **ভার্সন ব্যবস্থাপনা:** মেনু থেকে **'ভার্সন ব্যবস্থাপনা'** অপশনে ক্লিক করে ব্রাঞ্চ অনুসারে বাংলা/ইংরেজি ভার্সন তৈরি করুন।
- **সেকশন যোগ করুন:** মেনু থেকে **'সেকশন যোগ করুন'** অপশনে ক্লিক করুন। যথাযথ তথ্য প্রদান করে সেকশন তৈরির কাজ সম্পন্ন করুন।
- **শিক্ষক ব্যবস্থাপনা:** আপনার প্রতিষ্ঠানের আওতাভুক্ত শিক্ষকদের তথ্য সিস্টেমে যুক্ত করুন। যদি শিক্ষকের 'PDS ID' থাকে সেক্ষেত্রে ডান 'পাশের তালিকা থেকে শিক্ষকদের তথ্য নির্বাচন করুন ও শিক্ষক যুক্ত করে হালনাগাদ করুন। যদি কোনো শিক্ষকের নাম পিডিএস তালিকায় না থাকে, তাহলে **'শিক্ষক যুক্ত করুন'** অপশনে ক্লিক করুন। যেখানে ড্রপ-ডাউনে **'পিডিএস বিহীন শিক্ষক'** অথবা **'খন্ডকালীন শিক্ষক'** অপশন থেকে প্রযোজ্য অপশনটি সিলেক্ট করুন। এভাবে সকল শিক্ষককে বিদ্যালয়ের সাথে যুক্ত করুন।
- **শিক্ষার্থী ব্যবস্থাপনা:** এই অপশনে গিয়ে প্রয়োজনীয় তথ্য তালিকা থেকে নির্বাচন করে সেকশনভিত্তিক শিক্ষার্থীদের এককভাবে যোগ করুন। আপনি চাইলে নির্ধারিত ফরমেটে এক্সেল ফাইলে তথ্য আপলোড করার মাধ্যমে একাধিক শিক্ষার্থীর তথ্য একসাথে বিদ্যালয়ে যুক্ত করতে পারবেন।
- **বিষয় শিক্ষক নির্বাচন:** এরপর প্রতিটি বিষয়ের জন্য 'বিষয় শিক্ষক' নির্বাচন করুন। সবকিছু নির্বাচন করা হয়ে গেলে **'তথ্য সংরক্ষণ করুন'** বাটনে চাপ দিন। আপনি চাইলে **'এডিট'** অপশনে গিয়ে পুনরায় সেকশনের শিক্ষক সংক্রান্ত তথ্য পরিবর্তন করতে পারেন। আপনি চাইলে কোনো শিক্ষককে একের অধিক বিষয়ের জন্যও নির্বাচন বা সিলেক্ট করতে পারবেন।

ধন্যবাদ !